

স্মারক নং-০৫.২০.২২০০.১২৩.০১৪.১১.২০২৪- ৮৬৭

২৭ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ :-----  
২২ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**-ঃ বিজ্ঞপ্তি :-**

এতদ্বারা কক্সবাজার জেলাধীন সকল উপজেলার বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের কাজ নিম্নের তফসিল অনুযায়ী সম্পন্ন করা হবে। লাইসেন্সধারীগণকে তাদের লাইসেন্স নবায়নের জন্য সরকার নির্ধারিত নবায়ন ফি, ১৫% ভ্যাট এবং ১০% উৎস কর নিম্নবর্ণিত কোডে চালানোর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদান পূর্বক চালানোর মূল কপি, লাইসেন্স, অস্ত্র ও গোলাবারুদসহ (অস্ত্র থানায় জমা থাকলে হালনাগাদ জমার রশিদ) লাইসেন্সধারীর বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সহ নির্ধারিত তারিখ ও স্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০নং স্মারকের নির্দেশনা মোতাবেক যে সকল লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ বাতিল এবং কার্যক্রম স্থগিত করা হয়েছে সে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্র পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত নবায়ন কার্যক্রম স্থগিত থাকবে।

৩। একই সাথে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত Digital Arms Management System (DAMS) এ আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহের ডাটা এন্ট্রির নিমিত্ত যে সকল লাইসেন্সধারী তথ্যাদি দাখিল করেননি নবায়নের সময় তাদের তথ্যাদি জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	উপজেলার নাম	নবায়নের তারিখ	নবায়নের স্থান	নবায়নকারী কর্মকর্তা	বিকল্প নবায়নকারী কর্মকর্তা
০১	কক্সবাজার সদর / ঈদগাঁও	০৮.১২.২০২৪ ও ০৯.১২.২০২৪	জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সহকারী কমিশনার, জে.এম. শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সিনিয়র সহকারী কমিশনার পর্যটন সেল জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
০২	রামু	১২.১২.২০২৪			
০৩	পেকুয়া	২৯.১২.২০২৪			
০৪	মহেশখালী	১৯.১২.২০২৪			
০৫	টেকনাফ	২৪.১২.২০২৪			
০৬	চকরিয়া	২২.১২.২০২৪ ও ২৩.১২.২০২৪			
০৭	উখিয়া	১৭.১২.২০২৪			
০৮	কুতুবদিয়া	২৬.১২.২০২৪			

নবায়ন ফি, ১৫% ভ্যাট ও ১০% উৎস কর জমা প্রদানের কোড: / এ চালানোর মাধ্যমে পরিশোধ করা যাবে।

নবায়ন ফি: (ক) ব্যক্তি পর্যায়ে বন্দুক/শটগান/রাইফেল-৫,০০০/(পাঁচ হাজার) টাকা, (খ) ব্যক্তি পর্যায়ে পিস্তল/রিভলবার-১০,০০০/(দশ হাজার) টাকা, (গ) আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে-লং ব্যারেল-৫,০০০/(পাঁচ হাজার) টাকা, (ঘ) প্রতিষ্ঠান পর্যায়ে- লং ব্যারেল-১০,০০০/(দশ হাজার) টাকা, (ঙ) ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান-৫,০০০/(পাঁচ হাজার) টাকা, (চ) সেফকপিং-৩,০০০/(তিন হাজার) টাকা।

কোড নং ১-২২১১-০০০০-১৮৫৯ অথবা ১৪২২১০২ (এ চালান কোড)

১৫% ভ্যাট : (ক) বন্দুক/শটগান/রাইফেল-৭৫০/(সাতশত পঞ্চাশ) টাকা, (খ) পিস্তল/রিভলবার-১৫০০/(এক হাজার পাঁচশত) টাকা, (গ) আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে-লং ব্যারেল-৭৫০/(সাতশত পঞ্চাশ) টাকা, (ঘ) প্রতিষ্ঠান পর্যায়ে- লং ব্যারেল-১৫০০/(এক হাজার পাঁচশত) টাকা, (ঙ) ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান-৭৫০/(সাতশত পঞ্চাশ) টাকা, (চ) সেফকপিং-৪৫০/(চারশত পঞ্চাশ) টাকা।

কোড নং ১-১১৩৩-০০২৫-০৩১১ অথবা ১১৪১১০১ (এ চালান কোড)

১০% উৎস কর: (ক) বন্দুক/ শটগান/ রাইফেল-৫০০/(পাঁচশত) টাকা, (খ) পিস্তল/রিভলবার-১০০০/(এক হাজার) টাকা, (গ) আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে-লং ব্যারেল-৫০০/(পাঁচশত) টাকা, (ঘ) প্রতিষ্ঠান পর্যায়ে- লং ব্যারেল-১০০০/(এক হাজার) টাকা, (ঙ) ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান-৫০০/(পাঁচশত) টাকা, (চ) সেফকপিং-৩০০/(তিন শত) টাকা।

কোড নং ১-১১৪১-০১৩৫-০১১১ অথবা ১১১১১০১ (ব্যক্তি) / ১১১২১০১ (প্রতিষ্ঠান) (এ চালান কোড)


  
১২.১১.২০২৪  
মোহাম্মদ সালাহুদ্দিন  
জেলা ম্যাজিস্ট্রেট  
কক্সবাজার  
ফোন নং-০২৩৩৪৪৬২২০০

স্মারক নং-০৫.২০.২২০০.১২৩.০১৪.১১.২০২৪- ৮৬৭

২৭ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ :-----  
১২ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,.....(সকল)।
- ০৪। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, কক্সবাজার।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল) কক্সবাজার। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। জনাব.....সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার ..... শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
- ✓ ০৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার। উক্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। জেলা তথ্য অফিসার, কক্সবাজার। জেলা/ উপজেলা পর্যায়ে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। অফিসার ইনচার্জ,----- (সকল) থানা, কক্সবাজার।
- ১০। সম্পাদক, দৈনিক কক্সবাজার। বিজ্ঞপ্তিটি দৈনিক কক্সবাজার পত্রিকায় একদিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা হলো।
- ১১। নোটিশ বোর্ড/ অফিস কপি।

  
১২.১১.২০২৪  
জেলা ম্যাজিস্ট্রেট  
কক্সবাজার